গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৮৭

**শিক্ষা সপ্তাহ সুকুমার বৃত্তি প্রকাশের একটি প্লাটফর্ম**
**- অতিরিক্ত বিভাগীয় কমিশনার**

রাজশাহী; ০১ মাঘ (১৫ জানুয়ারি) :

রাজশাহী অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ হাবিবুর রহমান বলেছেন, শিক্ষা সপ্তাহ নিজের সুকুমার বৃত্তি প্রকাশের একটি প্লাটফর্ম। এটির অবশ্যই প্রয়োজনীয়তা রয়েছে। শিক্ষা সপ্তাহ উপলক্ষে বিভাগীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ নতুন প্রজন্মের জন্য একটি ফলপ্রসূ আয়োজন।

আজ (১৫ জানুয়ারি) বৃহস্পতিবার সকালে রাজশাহী কলেজিয়েট স্কুলে রাজশাহী অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিচালকের কার্যালয় আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। প্রধান অতিথি হিসেবে বেলুন-ফেস্টুন উড়িয়ে তিনি এ অনুষ্ঠানের উদ্বোধন করেন।

জেলা পর্যায়ের বিভিন্ন ক্যাটাগরিতে উত্তীর্ণ হয়ে আগত প্রতিযোগীদের স্বাগত জানিয়ে তিনি বলেন, দিনব্যাপী এই প্রতিযোগিতা চলবে, তাই যারা অংশগ্রহণ করছে তাদেরকে প্রতিভা বিকাশে ধৈর্য ধরতে হবে। অভিভাবক এবং শিক্ষকবৃন্দ তাদেরকে সাহস দেবেন কেননা প্রতিযোগীরা মেধা বিকাশের জন্য একটা সুযোগ পেয়েছে।

কোমলমতি শিশু-কিশোরদের উদ্দেশে তিনি বলেন, পরবর্তী নতুন প্রজন্মের মধ্যে কোনো না কোনো প্রতিভা রয়েছে। আবদ্ধ ঘরে না থেকে তা অন্বেষণের চেষ্টা করতে হবে। আমরা চাই সবার প্রতিভা অন্বেষণ করে তাদেরকে পুরস্কৃত করতে।

আয়োজিত প্রতিযোগিতার বিচার প্রক্রিয়ার স্বচ্ছতা তুলে ধরে তিনি বলেন, বিভিন্ন জেলা থেকে এখানে শিক্ষকগণ ও প্রতিযোগীরা এসেছেন। এখানে বিচারকদের স্বচ্ছতা নিয়ে কোনো প্রশ্ন নাই। বিচার-বিশ্লেষণের মাধ্যমেই প্রতিযোগিতায় বিজয়ী নির্ধারণ করা হবে। বিজয়ী প্রার্থীরা পরবর্তীতে জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবে। এ সময় তিনি জেলা পর্যায়ে জয়ী প্রতিযোগীদের অভিনন্দন জানান।

অনুষ্ঠানে রাজশাহী মাধ্যমিক ও উচ্চশিক্ষা দপ্তরের পরিচালক অধ্যাপক মোহা. আছাদুজ্জামান, উপপরিচালক মোহা. আবদুর রশিদ, সহকারী পরিচালক মোহা. সাদিকুল ইসলাম এবং রাজশাহী কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক মো. বাইরুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন। এছাড়াও বিভাগের আট জেলার বিভিন্ন ক্যাটাগরিতে জয়ী প্রতিযোগী, অভিভাবক এবং বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

..........................................................................
আলীম/তৌহিদ/আতিক/২০২৬/১১:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd